

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 03-01-2026

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) সিএজি রিপোর্ট প্রকাশ্যে এনে ২০১৭ সালে মালদা জেলায় বন্যায় ত্রাণ বন্টনে রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ করেছে বিজেপি।
- ২) ১৪৫ কোটি টাকার বালি পাচার মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালায় - ইডি চার্জশিট জমা দিয়েছে।
- ৩) নির্বাচন কমিশন আগামী সপ্তাহ থেকে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির সাংগ্রাহিক রিপোর্ট পাঠানোর জন্য জেলাশাসকদের নির্দেশ দিয়েছে।
- ৪) তৃণমূল কংগ্রেসের রাজসভার সাংসদ মৌসম বেনজির নূর তার পুরনো দল কংগ্রেসে ফিরে গেছেন।
- ৫) জমি দখলের একটি মামলায় এক অভিযুক্তকে গ্রেপ্তার করতে গিয়ে উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে স্থানীয়দের হাতে আক্রান্ত পুলিশ।
- ৬) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে রাজকোটের সানসোরা ক্রিকেট গ্রাউন্ডে আজ বাংলা, অসমকে ৮৫ রানে হারিয়ে দিয়েছে।

২০১৭ সালে মালদায় বন্যায় ক্ষতিগ্রস্তদের পুনর্নির্মাণের সরকারি অর্থ বণ্টনে বিপুল অনিয়মের অভিযোগ তুলে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল- ক্যাগের কলকাতা হাইকোর্টে জমা করা রিপোর্টকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। উচ্চ আদালতে দায়ের হওয়া এক জনস্বার্থ মামলার প্রেক্ষিতে পেশ করা ছয়শো আটাত্ত্বর পাতার ওই প্রতিবেদনে দাবি করা হয়েছে, বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়ি পুনর্নির্মাণের খাতে সাঁইত্রিশ কোটি টাকার বেশি অর্থ বণ্টনে গুরুতর দুর্নীতি হয়েছে। রিপোর্টে উল্লেখ, মোট অনিয়মের অঙ্ক পঞ্চাশ কোটি টাকার কাছাকাছি। এই রিপোর্ট সামনে আসতেই রাজনৈতিক বিতর্ক তীব্র হয়েছে। বিজেপির এরাজ্যের দায়িত্বপ্রাপ্ত নেতা অমিত মালভিয় অভিযোগ করেন, অস্তিত্বহীন বা ক্ষতিগ্রস্ত নয় এমন পাকা বাড়ির নামেও সরকারি টাকা তোলা হয়েছে। গরিব মানুষের জন্য বরাদ্দ ত্রাণের অর্থ পরিকল্পিতভাবে লুট করা হয়েছে, আর প্রকৃত ক্ষতিগ্রস্তরা বঞ্চিত হয়েছেন।

এদিকে আজ সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্য বিজেপি মুখ্যপাত্র দেবজিত সরকার অভিযোগ করেন, একই ব্যাক্ত অ্যাকাউন্টে একাধিকবার অর্থ পাঠানো হয়েছে, কোনও কোনও ক্ষেত্রে একটি অ্যাকাউন্টে চলিশেরও বেশি বার টাকা জমা পড়েছে।

বাইট

বিজেপি নেতৃী প্রিয়াঙ্কা টিব্বেওয়াল বলেন, এই রিপোর্ট রাজ্য সরকারের জন্য চরম লজ্জার। তিনি বলেন, তৃণমূল কংগ্রেসের শাসনকালে এই ধরনের দুর্নীতি নতুন নয়। অতীতেও করোনা ও আমফান ত্রাণ বণ্টন নিয়েও একই ধরনের অভিযোগ উঠেছিল।

১৪৫ কোটি টাকার বালি পাচার মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালায় - ইডি চার্জশিট জমা দিয়েছে। জিডি মাইনিং নামে একটি সংস্থার প্রধান অরুণ শরাফ সহ ১৮ জনের নাম রয়েছে এই চার্জশিটে। অরুণের সংস্থা নিয়ম লঙ্ঘন করে নদী থেকে বালি তুলে তা বিক্রি করত বলে অভিযোগ। গত ৮ ই সেপ্টেম্বর তদন্তে নেমে ইডি আধিকারিকরা একযোগে ঝাড়গ্রাম, কলকাতা, নদীয়া ও পশ্চিম মেদিনীপুরে তল্লাশি চালায়। গত ৬ ই নভেম্বর ইডির হাতে গ্রেপ্তার হয় অরুণ শরাফ। এছাড়াও চার্জশিটে নাম রয়েছে শেখ জেহরুল আলি নামে গোপীবল্লভপুরের এক ব্যবসায়ী এবং পশ্চিম মেদিনীপুরের বালি ব্যবসায়ী সৌরভ রায়ের।

নির্বাচন কমিশন আগামী সপ্তাহ থেকে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির সাপ্তাহিক রিপোর্ট নেবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে আজ এই মর্মে সমস্ত জেলা শাসকের কাছে নির্দেশ পাঠানো হয়েছে। নির্দেশ অনুযায়ী, আগামী সোমবার পাঁচই জানুয়ারি থেকে প্রতি সপ্তাহে জেলা শাসকেরা আইনশৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পাঠাবেন। সেখান থেকে সেই রিপোর্ট পাঠানো হবে নির্বাচন কমিশন এর কাছে। রাজ্য আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসাবেই এই রিপোর্ট তলব বলে কমিশন সূত্রে জানা গেছে। শুধু তাই নয়, ভোটের আগে নজরদারি আরও শক্ত করতে ইতিমধ্যেই পঁচিশটি নোডাল এজেন্সি নিয়োগ করা হয়েছে। আগামী সোমবার থেকেই তারা কাজ শুরু করবে। প্রতিটি জেলায় জেলা শাসকের নেতৃত্বে আলাদা কমিটি গঠন করা হয়েছে, যারা এই নোডাল এজেন্সিগুলির সঙ্গে সমন্বয় রেখে কাজ করবে। আইনশৃঙ্খলা, প্রশাসনিক প্রস্তুতি ও নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় খতিয়ে দেখাই এই কমিটির দায়িত্ব।

বীরহর, টোটো ও শবর, এই তিনি আদিবাসী জনজাতির ভোটারদের নাম পশ্চিমবঙ্গের চূড়ান্ত ভোটার তালিকায় সরাসরি উঠে যাবে বলে ভারতের নির্বাচন কমিশন জানিয়েছে। এই আদিবাসী জনজাতির ভোটারদের কোনও নথি দেখাতে হবে না বলেও নির্বাচন কমিশন এক নির্দেশিকায় জানিয়েছে।

কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকরা, ব্লক উন্নয়ন আধিকারিক(BDO)-দের কাছে তাদের অঞ্চলে এই জনজাতির ভোটারদের যাবতীয় তথ্য আপলোড করার নির্দেশ দিয়েছে।

এসআইআর-এর শুনানি প্রক্রিয়ার তদারকি করতে নির্বাচন কমিশনের প্রিলিপাল সেক্রেটারি বি সি পাত্র এবং আধিকারিকরা আজ পূর্ব বর্ধমানের জেলাশাসকের কার্যালয়ে যান। শুনানি কক্ষে উপস্থিত ব্যক্তিদের সঙ্গে কথাও বলেন তারা। এর আগে দুপুরে তারা মেমারি এক ও দুই নম্বর বিডিও অফিসে গিয়ে আধিকারিকদের সঙ্গে কথা বলেন।

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মৌসম বেনাজির নূর আজ তাঁর পুরনো দল কংগ্রেসে ফিরেছেন। নতুন দিল্লিতে কংগ্রেসের সদর দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তাঁর হাতে দলের সদস্যপদ তুলে দেন কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক জয়রাম রমেশ। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকার। এ রাজ্যের পর্যবেক্ষক গুলাম মহম্মদ মীর। মালদায় প্রয়াত কংগ্রেস নেতা ABA গণ খান চৌধুরীর ঐতিহ্যকে আরও মজবুত করতে তাঁর কংগ্রেসে ফেলা বলে মৌসম

বেনজির নূর জানিয়েছেন। শীঘ্রই তিনি রাজ্যসভার সাংসদ হিসেবে পদত্যাগ করবেন বলে জানিয়েছেন।

২০২৫ সালে স্বাধীনতা দিবসের ভাষণে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির পরিবর্তনশীল মানসিকতার চিত্র তুলে ধরেন। এ প্রসঙ্গে তিনি বলেন, শিশুরা এখন খেলাধুলায় আগ্রহী হলে বাবা-মায়েরা খুশি হন। বিকশিত ভারত গড়ে তুলতে এই মানসিকতার পরিবর্তন ভীষণ গুরুত্বপূর্ণ। একটি প্রতিবেদন-

(ভিসি- কাশফিন)

জমি দখলের একটি মামলায় এক অভিযুক্তকে গ্রেপ্তার করতে গিয়ে উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে স্থানীয়দের হাতে পুলিশের আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। এই ঘটনায় আহত হয়েছেন এক পুলিশ আধিকারিক সহ ছয় জন। ভাঙ্চুর করা হয় পুলিশের গাড়িতে। জানা গেছে, ন্যাজাটে রাজবাড়ি পুলিশ ফাঁড়ি এলাকার বাসিন্দা, এলাকায় তৃণমূল কংগ্রেস কর্মী হিসাবে পরিচিত মুসা মোল্লাকে জমি দখলের একটি মামলায় গ্রেপ্তার করতে যায় পুলিশ। সেই সময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের গাড়ি ঘিরে চলে ইটবৃষ্টি। ব্যাপক মারধর করা হয় পুলিশ কর্মীদের। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত পুলিশ বাহিনী এলাকায় মোতাবেন করা হয়েছে। রাতভর চলে টহল। এখনও পর্যন্ত ৯ জনকে আটক করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। তবে মূল অভিযুক্ত মুসা মোল্লা পলাতক। আজ ধূতদের বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে

১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। মুসা মোল্লা সন্দেশখালির বহিকৃত তৃণমূল নেতা শেখ শাহজাহানের ঘনিষ্ঠ বলে জানা গেছে।

সরকারি জমি বেআইনীভাবে দখল করে বাজার তৈরির অভিযোগে পূর্ব মেদিনীপুরের এগরা পুরসভার পুরপ্রধান স্বপন নায়ককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ তাকে কাঁথি মহকুমা আদালতে তোলা হলে পুলিশ হেফাজত হয়েছে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস পরিচালিত এগরার পুরপ্রধান পদ থেকে ইস্তফা না দেওয়ায় স্বপন নায়কের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে দলেরই বেশিরভাগ কাউন্সিলার।

এদিকে, অশান্তির আশঙ্কায় গতকাল রাত থেকেই এগার থানা এলাকায় ১৬৩ ধারা জারি হয়েছে। অনিয়মের অভিযোগ অস্বীকার করেছে স্বপন নায়ক।

উল্লত মানের চা উৎপাদনের লক্ষ্যে টি বোর্ড ক্ষুদ্র চা চাষী ও শ্রমিকদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা শুরু করছে। টি বোর্ডের ডেপুটি চেয়ারপার্সন সি মুরুগান আজ কলকাতায় বলেন, চা গবেষণা সংস্থার নির্দেশিকা অনুযায়ী টি বোর্ড উৎপাদনের গুণমান বাড়াতে একগুচ্ছ কর্মসূচি হাতে নিয়েছে।

আজ কলকাতায় টি অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার বার্ষিক সভা শেষে শ্রী মুরুগান আকাশবাণীকে জানান, নেপাল থেকে চা আমদানি গত বছরে ছিল ১১.৫৮ মিলিয়ন কেজি, যা কমে এ বছর হয়েছে ৫.৬৪ মিলিয়ন কেজি। তিনি বলেন, আমদানিকৃত চায়ের গুণমান পরীক্ষাও শুরু হয়েছে।

বাইট সি মুরুগান

টি অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার সভাপতি সন্দীপ সিংহানিয়া বলেন, চায়ের দাম না বাড়লে সামগ্রিকভাবে চা শিল্প ও শ্রমিকদের উন্নতি হওয়া সম্ভব নয়। তিনি এ ব্যাপারে ভারতের বাণিজ্য মন্ত্রকের হস্তক্ষেপ দাবি করেছেন।

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের অন্তর্গত মাই ভারত ভগ্নির উদ্যোগে ভগ্নি জেলার বৈঁচি গ্রামে তিনদিনের আবাসিক ইয়ুথ লিডারশিপ বুট ক্যাম্প আজ থেকে শুরু হয়েছে। বাঁটিকা বৈঁচিগ্রাম পঞ্চায়েত প্রধান মালা বেগম, ডিস্ট্রিক্ট অফিসার ভগ্নি সৈকত মন্ডল, উপপ্রধান দিপ্তেন্দু ব্যানার্জি সহ বহু বিশিষ্ট ব্যক্তির উপস্থিতিতে শিবিরের সূচনা হয়। বিভিন্ন জেলা থেকে ১৫ থেকে ২৯ বছর বয়সী ৩৫ জন যুবক যুবতী ওই শিবিরে অংশগ্রহণ করে। বিকশিত ভারত গঠনের লক্ষ্যে যুব নেতৃত্ব তৈরি করতে এই শিবিরের আয়োজন। তিনদিনের এই শিবিরে তাদের ডিজিটাল লিটারেসি, ফিনান্সিয়াল লিটারেসি, কমিউনিটি মরিলাইজেশন, লিডারশিপ এন্ড কমিউনিকেশন স্কিল, ইয়ুথ পার্লামেন্ট সহ বিভিন্ন বিষয় ক্লাস করানো হবে।

ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চের অন্তর্গত ন্যাশানাল ইনসিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি - নিনফেট ৮৮ বছর পূর্ণ করেছে। এই উপলক্ষে আজ টালিগঞ্জের রিজেন্ট পার্কের সংস্থার ক্যাম্পাসে ২ দিনের একটি উৎসবের সূচনা হয়েছে। পাটজাত বিভিন্ন সামগ্রীর প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি প্রাকৃতিক তন্ত্র নিয়ে একটি জাতীয় স্তরে আলোচনা সভারও এদিনে আয়োজন করা হয়। সংস্থার অধিকর্তা ডক্টর দীনেশ বাবু শাক্যওয়ার জানিয়েছেন,

রাজ্যের বিভিন্ন প্রান্তে পাট চাষে উৎসাহ দেওয়ার লক্ষ্যেই এই উৎসবের আয়োজন করা হয়েছে।

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টায় তাপমাত্রার পারদ আরও কিছুটা বাড়বে বলে আবহাওয়া দণ্ডের জানিয়েছে। তারপর থেকে তাপমাত্রা ফের কমার পূর্বাভাস।

উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টায় তাপমাত্রা পরিবর্তনের তেমন কোনো সম্ভাবনা নেই বলে আবহাওয়া দণ্ডের বিজ্ঞানী ডঃ অন্নেষা ভট্টাচার্য জানিয়েছেন।

বাইট অন্নেষা

দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, দুই দিনাজপুর এবং মালদায় ঘন কুয়াশার পূর্বাভাস রয়েছে। দার্জিলিং-এ আজ ও আগামীকাল হাঙ্কা বৃষ্টি ও তুষারপাতেরও সম্ভাবনা।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। সর্বাধিক তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম।

বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে রাজকোটের সানসোরা ক্রিকেট গ্রাউন্ডে আজ বাংলা, অসমকে ৮৫ রানে হারিয়ে দিয়েছে। টসে জিতে অসম, বাংলাকে প্রথমে ব্যাট করতে পাঠায়। বাংলা ৫০ ওভারে ৭ উইকেটে ৩০২ রান তোলে। অধিনায়ক অভিমন্ত্যু

সুশ্রবণ ১০২ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে অসম ৪২ ওভার ১ বলে ২১৭ রানে
সবকটি উইকেট হারায়। অভিমন্ত্যু সুশ্রবণ ম্যাচের সেরা হয়েছেন।

আগামী মঙ্গলবার পরবর্তী ম্যাচে বাংলা হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।
